



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন  
৩৭/৩/এ ইক্স্টার্ন গার্ডেন রোড, রমনা, ঢাকা।  
[wwwccb.gov.bd](http://wwwccb.gov.bd)



তারিখ: ১০ জানুয়ারি ২০২২ খ্রি:

প্রেস রিলিজ

১০ জানুয়ারি ২০২২ খ্রি: বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন কর্তৃক আয়োজিত “স্বাস্থ্যসেবা খাতের বাজার (বেসরকারি হাসপাতাল ও বেসরকারি ডায়াগনস্টিক সেন্টার)” বিষয়ক স্টাডি কার্যক্রমের খসড়া প্রতিবেদনের ভ্যালিডেশন সেমিনার কমিশনের সভাকক্ষে অনুষ্ঠিত হয়। সেমিনারে সভাপতিত করেন বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের সম্মানিত চেয়ারপার্সন জনাব মোঃ মফিজুল ইসলাম।

এ সময় সেমিনারে উপস্থিত ছিলেন কমিশনের বিজ্ঞ সদস্যমণ্ডলী জনাব জি. এম. সালেহ উদ্দিন, জনাব ড. এ এফ এম মনজুর কাদির, জনাব নাসরিন বেগম এবং কমিশনের অন্যান্য কর্মকর্তাবৃন্দ। অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন প্রফেসর নাসরিন সুলতানা (পরিচালক ইনসিটিউট অব হেলথ ইকোনোমিকস, ঢাকা বিশ্ববিদ্যালয়), জনাব খন্দকার নুরুল হক (উপ-সচিব, বাণিজ্য মন্ত্রণালয়), জনাব শেখ দাউদ আদনান (উপ-পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর), জনাব সবুজ দোবে (পরিচালক, দোবে ইন্টারন্যাশনাল লিঃ), এবং ডা. ফাতেমা তুজান্নাত বৃষ্টি (মেডিকেল অফিসার, মিরপুর হালিক্রিসেন্ট হাসপাতাল)।

সেমিনারে স্টাডি সম্পাদনের কার্যাদেশপ্রাপ্ত দোবে ইন্টারন্যাশনাল (প্রাইভেট) লিমিটেডের পক্ষে স্টাডি টিমের লিডার ডা. ফাতেমা তুজান্নাত বৃষ্টি বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের আওতায় “স্বাস্থ্যসেবা খাতের বাজার (বেসরকারি হাসপাতাল ও বেসরকারি ডায়াগনস্টিক সেন্টার)” বিষয়ক স্টাডি কার্যক্রমের খসড়া প্রতিবেদন উপস্থাপন করেন।

উপস্থিত বক্তারা স্টাডি প্রতিবেদনের বিভিন্ন দুর্বলতা, ত্রুটি চিহ্নিতকরণের মাধ্যমে সংশোধিত ও পরিমার্জিত চূড়ান্ত প্রতিবেদন উপস্থাপনের জন্য দোবে ইন্টারন্যাশনাল লিমিটেডকে অনুরোধ জানান।

*Sdy 10/01/2022*

(শেখ রুবেল)

জনসংযোগ কর্মকর্তা

ইমেইল: [librarian@ccb.gov.bd](mailto:librarian@ccb.gov.bd)